



পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

১/২, ব্লক-ডি. জি., সেক্টর-২, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০০৯১

নং- L/PR/64/2021

তারিখঃ 18/06/2021

২০২১ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার মূল্যায়ন পদ্ধতি নিয়ে

প্রেস বিজ্ঞপ্তি

নমস্কার,

২০২১ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার মূল্যায়ন পদ্ধতি নিয়ে সিদ্ধান্ত জানানোর মুহূর্তে আমি পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি, যাঁর ছাত্রদরদী দৃষ্টিভঙ্গি, তাদের স্বাস্থ্য ও মানসিক অবস্থা নিয়ে গভীর উদ্বেগ ও চিন্তাভাবনা এবং পরীক্ষা মূল্যায়ন সম্পর্কে দূরদৃষ্টিসম্পন্ন দিকনির্দেশ যা বিভিন্ন প্রক্রিয়া জনমত এবং বিশেষজ্ঞ কমিটির মতামতকে বিবেচনায় রেখে এবং ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ উচ্চশিক্ষা এবং সর্বोপরি শারীরিক সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে এই বিশেষ মূল্যায়ন পদ্ধতি চূড়ান্ত করা হয়েছে যেটি আমাদের প্রভূত সাহায্য করেছে।

সেই সঙ্গে মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত বসু ও শিক্ষা দপ্তরের প্রধান সচিব শ্রী মনীশ জৈনের নিরবচ্ছিন্ন পরামর্শ ও সহযোগিতা আমাদের নানাভাবে সাহায্য ও সমৃদ্ধ করেছে। এইজন্য এঁদের প্রতিও আমাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। এই মূল্যায়ন পদ্ধতিতে যদি কারও কোন অসন্তোষ থেকে থাকে তাহলে সরকারের অনুমোদনে সংসদ কর্তৃক ভবিষ্যতে লিখিত পরীক্ষার সুযোগ দেওয়া হবে এবং সেই পরীক্ষার ফলাফল চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে ও পূর্ববর্তী পরীক্ষার ফলাফল বাতিল হিসেবে গণ্য হবে।

মূল্যায়ন পদ্ধতি

- ২০১৯ সালের মাধ্যমিক পরীক্ষার ৪ টি বিষয়ের সর্বোচ্চ নম্বরের উপর ভিত্তি করে 40% নম্বরের weightage এবং ২০২০ সালের XI-এর বার্ষিক পরীক্ষার Theory তে প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে 60% নম্বরের weightage এবং এর সঙ্গে XII-এর Project/Practical নম্বরের যুক্ত করে মূল সূত্র হিসাবে ধরা হয়েছে।
- কোনো ছাত্র/ছাত্রী যদি মাধ্যমিক পরীক্ষায় ৪টি বিষয়ের সর্বোচ্চ মোট নম্বর 400 নম্বরের মধ্যে ২০০ হয় এবং XI-এর বার্ষিক পরীক্ষায় ছাত্র/ছাত্রীটি ধরা যাক Physics -এ Theory তে প্রাপ্ত নম্বর 50 হয় 70 নম্বরের মধ্যে এবং XII-এর Practical পরীক্ষার প্রাপ্ত নম্বর 30 নম্বরের মধ্যে 28 হয় তাহলে ছাত্র/ছাত্রীটি উচ্চমাধ্যমিক বিষয়ের মোট প্রাপ্ত নম্বর হচ্ছে:-

উচ্চমাধ্যমিক ২০২১

(বিষয় Physics)

70 (Theory)		30 (Practical)
A	B	C
<p>40% মাধ্যমিকের weightage \downarrow 40% of 70 = 28 \downarrow 400 নম্বরের মধ্যে কেউ যদি সর্বোচ্চ 4টি বিষয়ে 200 পায় তাহলে weightage অনুযায়ী প্রাপ্ত নম্বর $28 \times 200/400 = 14$</p>	<p>60% XI এর বার্ষিক পরীক্ষার নির্দিষ্ট বিষয় ভিত্তিক weightage \downarrow এখানে 60% of 70 = 42 70 নম্বরের মধ্যে কেউ যদি Physics এ 50 নম্বর পায় তাহলে XI এর weightage অনুযায়ী ছাত্র/ছাত্রীর প্রাপ্ত নম্বর 70 এর মধ্যে 50 তাহলে 42 এর মধ্যে $42 \times 50/70 = 30$</p>	28

- সূতরাং ছাত্র/ছাত্রীটি Physics এর প্রাপ্ত নম্বর $(A+B+C) 14+30+28 = 72$
- একইভাবে Non Lab Based Subject এর ক্ষেত্রে Theory ৪০ নম্বর এবং Project ২০ নম্বর ধরে একই পদ্ধতি অনুসৃত হবে।

এই সুযোগে রাজ্যের সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রধানদের অনুরোধ করা হচ্ছে যে, তারা যেন ২০২০ সালের একাদশ শ্রেণীর বার্ষিক পরীক্ষা যেগুলো হয়েছে তার রেজাল্ট আগামী ২৩ জুনের মধ্যে অতি অবশ্যই সংসদে জমা দেন। মধ্যশিক্ষা পর্ষদ সহ সংসদের ভাত্তপ্রতিম প্রতিষ্ঠান মাদ্রাসা বোর্ড, রবিন্দ্র মুক্ত বিদ্যালয় এবং অন্যান্য সমতুল বোর্ডের প্রধানদের প্রতিও আমাদের অনুরোধ এই যে তারা যেন তাদের বোর্ডের মাধ্যমিক বা সমতুল পরীক্ষার সমস্ত বিষয় ভিত্তিক ফলাফলের তথ্যাদি শিল্পাই সংসদে পাঠিয়ে দেন। এইসব তথ্যাদির ওপর ভিত্তি করে সরকারের মূল্যায়ন সম্পর্কিত নির্দেশনামা অনুযায়ী আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে দ্রুত ফলাফল প্রকাশের চেষ্টা করব। সকলের সহযোগিতা প্রার্থনা করছি।

মহেন্দ্র দাস

(ডঃ মহেন্দ্র দাস)

সভাপতি

পঃবঃউঃমাঃ শিক্ষা সংসদ